16

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 MAY 1996
পৃষ্ঠা ১২ কলাম ৪

# চট্টগ্রাম ভার্সিটির ভিসি অফিস ঘেরাও

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (শনিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইনষ্টিটিউট অব ফরেষ্ট্রির ছাত্র/ছাত্রীরা বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে সকাল হইতে ২টা পর্যন্ত ভিসি অফিস ঘেরাও করিয়া রাখে। এই সময় বাংলাদেশ প্রফেশনাল ফরেষ্ট্রি ষ্টুডেন্টস এসোসিয়েশনের প্রতিনিধি ওসমান হারুনী বলেন, ফরেষ্ট্রির প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরিয়া বিমাতাসুলভ আচরণ করিতেছে। নেতৃবৃন্দ আগামী ২৪ ঘন্টার মধ্যে দাবীসমূহ বাস্তবায়নের দাবী জানান। নেতৃবৃন্দ ৫ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপি ভিসি অধ্যাপক রফিকুল ইসলামের নিকট পেশ করেন।

তাহাদের দাবীসমূহের মধ্যে রহিয়াছে ফরেষ্ট্রির ছাত্র-ছাত্রীদের জন্য নির্মিত কমন রুম চালু, ক্ষতিপূরণসহ টিভি রুম চালু, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার পর্যাপ্ত সুযোগ-সুবিধা প্রদান, ডাইনিং হল চালু, পূর্ণাঙ্গ জামে মসজিদ স্থাপন ইত্যাদি। ভিসির আশ্বাসের পর ছাত্র-ছাত্রীরা ঘেরাও প্রত্যাহার করে। এই সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আবুল কাশেম চৌধুরী, ইনষ্টিটিউট অব ফরেষ্ট্রির পরিচালক মোহাম্মদ আলী।